



ASSOCIATION OF LAND AND LAND REFORMS OFFICERS', WEST BENGAL

এ্যাসোসিয়েশন অব ল্যান্ড এন্ড ল্যান্ড রিফর্মস অফিসার্স, ওয়েস্ট বেঙ্গল

Regd. No. : S/59306/88-89

MOULALI PLAZA, 4TH FLOOR, 113/A, Acharya Jagadish Chandra Bose Road, Kolkata- 700 014

Mail at: gshallo1987@gmail.com

Visit us at: <https://allowb.org>

CENTRAL COMMITTEE

Date: 24/03/2023

প্রিয় সদস্যবন্ধুদের প্রতি

সাথী,

আপনারা নিশ্চয়ই অবগত আছেন যে আমাদের প্রিয় সংগঠন দীর্ঘদিন ধরেই ক্যাডার স্বার্থসংশ্লিষ্ট বিষয়গুলির সমস্যা/জটিলতা নিয়ে অপর দুটি সংগঠন এর সঙ্গে যৌথভাবে আলাপ আলোচনার ভিত্তিতে কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা, দাবীসনদ পেশ ও পরিস্থিতি সাপেক্ষে লড়াই/সংগ্রাম করার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। আপনাদের আলোচনাতেও প্রতিনিয়ত এই আকাঙ্ক্ষা প্রকাশ পেয়েছে। আপনাদের সেই চাহিদাকে সম্মান জানিয়ে আমরা আমাদের ক্যাডারের বাকী দুটি সংগঠনকে আহ্বান জানিয়েছিলাম। এমনকি WBLROA সমিতির দমদমস্থিত দপ্তরেও আমাদের তৎকালীন সাধারণ সম্পাদকসহ নেতৃত্ববৃন্দ গিয়েছিলেন এবং তাঁদের নেতৃত্বদের সঙ্গে একপ্রস্থ প্রাথমিক আলোচনাও হয়েছিল। কিন্তু আমাদের প্রচেষ্টা থাকলেও পরবর্তীতে এ বিষয়ে ইতিবাচক কোনো অগ্রগতি ঘটেনি।

পরবর্তী কালে, বিগত ২৪/০৬/২০২২ তারিখে আমরা আবারও দুটি সংগঠনকে আহ্বান জানিয়ে পত্র দিই। সেই সূত্র ধরে WBLROA সমিতির নেতৃত্ববৃন্দ আমাদের মৌলালিস্থিত সমিতি দপ্তরে আসেন এবং উভয় সংগঠনের নেতৃত্বদের মধ্যে ইতিবাচক আলোচনা হয়। প্রাথমিকভাবে আমরা একমত হই যে আপাতত সার্ভিস প্রসঙ্গে আমরা যৌথভাবে আলোচনা ও কর্মসূচী গ্রহণ করবো। পরবর্তীতে ARO & SRO সমিতির নেতৃত্বও আমাদের দুটি সংগঠনের সঙ্গে আলোচনায় বসেন। বিগত সেপ্টেম্বর, ২২ থেকে একাধিকবার আমরা তিনটি সংগঠনের নেতৃত্ববৃন্দ আলিপুর ও নবান্নে বিভাগীয় সার্ভিস নিয়ে আলোচনা করি। তিনটি সংগঠনের সাধারণ সম্পাদকসহ কয়েকজন নেতৃত্বকে নিয়ে একটি WhatsApp group ও খোলা হয়। একাধিকবার ভারুয়াল মাধ্যমেও আলোচনা হয়। যৌথভাবে পরিস্থিতির নিরিখে বিভাগীয় সর্বোচ্চ কর্তৃপক্ষের নিকট লিখিত দাবী পেশ করি এবং একাধিকবার আলোচনায় বসি। সার্ভিস প্রসঙ্গে আমাদের সংগঠনের নিজস্ব দাবী পরিস্থিতির নিরিখে কিছুটা পরিমার্জন করতে হয় এবং বিগত ১১/০২/২০২৩ তারিখের কেন্দ্রীয় কমিটির সভায় আমরা কোন্ পরিস্থিতিতে সেটা ঘটেছে তা বিস্তারিতভাবে আলোচনা করি।

সার্ভিস প্রসঙ্গে যখন যৌথ আলোচনা চলছে তখন ভূমি অধিকর্তার দপ্তর থেকে একের পর এক ট্রান্সফার/পোস্টিং এর আদেশনামা প্রকাশ হতে শুরু করে যার বেশিরভাগই বিভাগীয় transfer policy র নিয়ম বহির্ভূত। আমাদের এযাবৎ কালের অভিজ্ঞতায় এতো বিপুল সংখ্যক খামখেয়ালী আদেশনামা আমরা দেখিনি। স্বাভাবিকভাবেই আমাদের সদস্য তথা ক্যাডারের মানুষের মনে প্রবল ক্ষোভের সঞ্চার ঘটে। আমরা



ASSOCIATION OF LAND AND LAND REFORMS OFFICERS', WEST BENGAL

এ্যাসোসিয়েশন অব ল্যান্ড এন্ড ল্যান্ড রিফর্মস অফিসার্স, ওয়েস্ট বেঙ্গল

Regd. No. : S/59306/88-89

MOULALI PLAZA, 4TH FLOOR, 113/A, Acharya Jagadish Chandra Bose Road, Kolkata- 700 014

Mail at: gsallo1987@gmail.com

Visit us at: <https://allowb.org>

CENTRAL COMMITTEE

সাংগঠনিকভাবে অধিকর্তার নিকট একাধিকবার ডেপুটেশন দিই। লাগাতার পাসুয়েশন জারী রাখি। সামান্য কিছু মডিফিকেশন করানো সম্ভব হয়। কিন্তু অধিকর্তার অনমনীয় মনোভাবের কোনো পরিবর্তন ঘটে না। স্বাভাবিকভাবেই আমরা আমাদের ক্যাডারের অপর দুটি সংগঠনের নেতৃত্বদের এই বিষয়টিকেও আমাদের যৌথ আলোচনায় অন্তর্ভুক্ত করতে বলি এবং প্রত্যেকেই একমত হন যে বদলী প্রসঙ্গে মাননীয় অধিকর্তার নিকট আমরা একসাথেই আলোচনা করবো, প্রতিবাদ জানাবো। ফলতঃ তিনটি সংগঠনের সাধারণ সম্পাদকের স্বাক্ষরে একটি পত্র বিগত ৩০/০১/২০২৩ তারিখে মাননীয় অধিকর্তার নিকট দেওয়া হয় তাঁর সঙ্গে আলোচনার সময় চেয়ে। পরবর্তীতে তিনটি সমিতির নেতৃত্ব তাঁর সঙ্গে দেখা করে সময় চাওয়ার প্রক্রিয়া জারী ছিল।

এমতাবস্থায় WBLROA সংগঠন তাঁদের নিজস্ব কর্মসূচী গ্রহণ করেন এবং ওই WhatsApp group এ তাঁদের ঘোষিত এই কর্মসূচীকে cordial support জানাতে বলেন। নিজস্ব কর্মসূচী যে কোনো সংগঠনই গ্রহণ করতে পারেন। কিন্তু যেখানে যৌথভাবে ক্যাডার স্বার্থ সংশ্লিষ্ট বিষয়, বিশেষতঃ সার্ভিস, বদলী এই বিষয়গুলিতে আমরা একমত হয়ে আন্দোলনের প্রস্তুতি নিচ্ছি, সেখানে একতরফা নিজস্ব কর্মসূচী ঘোষণার – এর জন্য আমরা প্রস্তুত ছিলাম না। যৌথ আলোচনা/আন্দোলন এর মধ্যেই থাকতে চেয়েছিলাম। তথাপি, বৃহত্তর ক্যাডারস্বার্থে আমরা সিদ্ধান্ত গ্রহণ করি যে WBLROA সমিতির এই কর্মসূচিতে আমরা প্রতিনিধিত্বমূলক অংশগ্রহণ করবো। সেকথা আমরা ওনাদের জানাই। ওনাদের আমন্ত্রণপত্র প্রাপ্তিসাপেক্ষে আজ আমাদের নেতৃত্বের প্রতিনিধিত্বমূলক অংশগ্রহণ ও এই কর্মসূচীর সাফল্য কামনা করে সংহতিমূলক বক্তব্য পেশ।

আমরা এখনও মনে করি নানাভাবে যে আক্রমণ সার্বিকভাবে সমগ্র ক্যাডারের উপর নামছে, তা যদি প্রতিহত করতে হয় তাহলে যৌথ আন্দোলনের কোনো বিকল্প নেই। বিভিন্ন বিষয়ে মতপার্থক্য থাকলেও বৃহত্তর ক্যাডারস্বার্থে বিগত ৭/৮ মাস ধরে যৌথ আলোচনা/আন্দোলনের যে পরিবেশ তৈরী হয়েছে, তা আগামীতেও বজায় থাকবে - আমাদের বিশ্বাস।

প্রিয় সদস্যবন্ধুদের কাছে আবেদন, নেতৃত্বের স্তরে যে ঐক্যের বাতাবরণ তৈরী হয়েছে তাকে তৃণমূলস্তর অবধি পৌঁছে দেওয়ার দায়িত্ব আপনারা পালন করুন। আমাদের যথাযথ ভূমিকা পালনের মধ্যে দিয়েই আমরা পরিস্থিতির ইতিবাচক পরিবর্তনের লক্ষ্যে এগিয়ে যেতে পারবো এই আত্মবিশ্বাস আমাদের আছে।

অভিনন্দনসহ,

কুশানুদেব
সাধারণসম্পাদক